৯

দৈনিক
ইত্তেফাক

তারিখ AUG 24 2006
পৃষ্ঠা ৩ কলাম ৫

# কারিগরি শিক্ষা বোর্ডের মেডিক্যাল টেকনোলজি কোর্স বন্ধের দাবিতে স্মারকলিপি

স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়া কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত মেডিকেল টেকনোলজি কোর্স বন্ধের দাবীতে হেল্‌থ টেকনোলজি ইনষ্টিটিউটের শিক্ষার্থীরা বুধবার কেন্দ্রীয় শহীদ মিনারে সমাবেশ করে। সমাবেশ শেষে শিক্ষা ও স্বাস্থ্য মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ করার জন্য সচিবালয় অভিমুখে মিছিল সহকারে অগ্রসর হতে থাকলে দোয়েল চত্বরের সামনে পুলিশ বাধা প্রদান করলে মিছিলকারীরা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের কুশপুত্তলিকা দাহ করে। সমাবেশ থেকে আগামী ৩০ আগষ্ট প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি পেশ করার কর্মসূচী ঘোষণা করা হয়। সমাবেশে বক্তারা বলেন, কারিগরি শিক্ষাবোর্ড পরিচালিত মেডিকেল টেকনোলজি কোর্সটি বন্ধ না করলে দেশের চিকিৎসা ব্যবস্থা ভেঙ্গে পড়বে এবং ডায়াগনষ্টিক সেক্টরের উপর জনগণের কোন আস্থা থাকবে না। তারা উক্ত কোর্সটি বন্ধের লক্ষ্যে স্বাস্থ্য মন্ত্রণালয়ের ইতিপূর্বে গৃহীত সিদ্ধান্ত (১৬শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## কারিগরি শিক্ষা

(তৃতীয় পৃঃ পর)

বাস্তবায়নের দাবী জানান এবং শিক্ষা মন্ত্রণালয়কে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সুপারিশ মেনে নেওয়ারও আহ্বান জানান। সমাবেশ শেষে ছাত্র-সংগ্রাম পরিষদের একটি প্রতিনিধি দল সচিবালয়ে স্বাস্থ্য ও শিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং সচিবদের দপ্তরে স্মারকলিপি হস্তান্তর করেন। ছাত্র সংগ্রাম পরিষদের আহ্বায়ক মোঃ মাইদুল ইসলাম মনিরের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ডিপ্লোমা হেলথ্ টেকনোলজিষ্ট এসোসিয়েশনের সভাপতি ফরিদ আহম্মদ, মহাসচিব সেলিম মোল্লা, এসএম আব্দুর রব, আব্দুল আলীম, মোঃ বিপ্লবুজ্জামান বিপ্লব, এ.কে.এম মুছা লিটন, মাঈনুদ্দিন মঞ্জু, আতাউর রহমান পলাশ, শাহাদৎ হোসেন প্রমুখ।